# তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫
# (Information Disclosure Policy 2015)

তুলা উন্নয়ন বোর্ড
খামারবাড়ি, ঢাকা।

# মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। সৃষ্টির প্রথম থেকেই মানুষ তিনটি মৌলিক চাহিদা অন্ন, বস্ত্র ও বাসস্থান মেটানোর জন্য সংগ্রাম করে আসছে। সভ্যতার দিক থেকে বিবেচনায় বস্ত্রই হচ্ছে প্রথম মৌলিক চাহিদা। আমাদের বস্ত্র শিল্পের প্রাচীন ঐতিহ্য রয়েছে। এদেশে তৈরি রাজকীয় শাড়ী "মসলিন" বিশ্ব বিখ্যাত ছিল। বর্তমানে ও বস্ত্র বাংলাদেশের প্রধান শিল্প পণ্য। এই চাহিদা পূরণে সহায়তার জন্য তুলা উন্নয়ন বোর্ড কাজ করে চলেছে। তুলা উন্নয়ন বোর্ড তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। তথ্য অধিকার আইন ২০০৯ এর বাস্তবায়নের অংশ হিসেবে তুলা উন্নয়ন বোর্ড তথ্য অবমুক্তকরণ নীতিমালা (Information Disclosure Policy) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে। এই নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে তুলা উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট উদ্ধর্তন কর্মকর্তাদের সাথে আলোচনা হয়। আলোচনা পর্যালোচনার পর তথ্য কমিশন ও বেসরকারি সংস্থা Management and Resource Development Initiative (MRDI) সহযোগিতায় তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক তথ্য অবমুক্তকরণনীতিমালা ২০১৫ প্রণীত হয়।

তুলা উন্নয়ন বোর্ড সর্বস্তরে প্রশাসনিক ও আর্থিক কর্মকান্ডের স্বচ্ছতায় বিশ্বাসী। তথ্য অধিকার আইন সঠিকভাবে প্রয়োগ হলে তুলা উন্নয়ন বোর্ড এর দাপ্তরিক কার্য সম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা আরো বৃদ্ধি পাবে। তথ্য অধিকারআইন ২০০৯ তুলা উন্নয়ন বোর্ড এর দাপ্তরিক কার্যক্রমে স্বচছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণে বলিষ্ঠ ভুমিকা রাখবে।

২৬.০১.১৫

(ড. মোঃ ফরিদ উদ্দিন)
নির্বাহী পরিচালক
তুলা উন্নয়ন বোর্ড

# সূচীপত্র


| | |
|---|---|
| প্রথম অধ্যায়: প্রাথমিক বিষয়াদি | ১ |
| ১.১ পটভূমি ও নীতিমালার উদ্দেশ্য | ১ |
| ১.২ তথ্য অবমুক্তকরণ নীতিমালার যৌক্তিকতা/উদ্দেশ্য | ১ |
| ১.৩ তুলা উন্নয়ন বোর্ডের পটভূমি | ১ |
| ১.৪ তুলা উন্নয়ন বোর্ডের কার্যাবলী | ০২ |
| ১.৫ সংজ্ঞা | ০২ |
| (ক) তথ্য | ০২ |
| (খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ০২ |
| (গ) তথ্য প্রদান ইউনিট | ০৩ |
| (ঘ) আপীল কর্তৃপক্ষ | ০৩ |
| (ঙ) তৃতীয় পক্ষ | ০৩ |
| (চ) তথ্য কমিশন | ০৩ |
| (ছ) প্রকল্প | ০৩ |
| দ্বিতীয় অধ্যায়: নীতিমালা | ০৪ |
| ২.১ তথ্যের শ্রেণিবিন্যাস এবং তথ্য প্রদান পদ্ধতি | ০৪ |
| ক) স্বপ্রণোদিত তথ্য | ০৪ |
| খ) তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদান যোগ্য তথ্য | ০৪ |
| গ) তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় | ০৪ |
| (ঘ) তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয় এবং এর তালিকা | ০৪ |
| ২.২ তথ্যের ভাষা | ০৫ |
| ২.৩ তথ্য সংগ্রহ ও সংরক্ষন পদ্ধতি | ০৫ |
| ২.৪ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | ০৫ |
| ২.৫ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি | ০৮ |
| ২.৬ তথ্য প্রদানের সাথে সংশ্লিষ্ট সহায়ক/বিকল্প কর্মকর্তা দায়িত্ব ও কর্মপরিধি | ০৮ |
| ২.৭ তথ্য প্রদানের পদ্ধতি | ০৮ |
| ২.৮ তথ্য প্রদানের সময় সীমা | ০৮ |
| ২.৯ তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধের নিয়মাবলি | ০৮ |
| ২.১০ আপীল কর্তপক্ষ এবং আপীল পদ্ধতি | ০৯ |
| ২.১১ শাস্তি | ০৯ |
| ২.১২ ফরমসমূহের তালিকা | ০৯ |
| ফরম 'ক' - তথ্য প্রাপ্তির আবেদনপত্র | ১০ |
| ফরম 'খ' - তথ্য সরবরাহের অপারগতার নোটিশ | ১১ |
| ফরম 'গ' - আপীল আবেদন | ১২ |
| ফরম 'ঘ' - তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি | ১৩ |

# প্রথম অধ্যায়: প্রাথমিক বিষয়াদি

## ১.১ পটভূমি ও নীতিমালার উদ্দেশ্য

১. নীতির শিরোনাম ঃ তথ্য অবমুক্তকরণ নীতিমালা - ২০১৫।
২. আইনগত ভিত্তি ঃ তথ্য অধিকার আইন - ২০০৯।
৩. অনুমোদনকারী কর্তৃপক্ষ ঃ কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
৪. অনুমোদনের তারিখ ঃ
৫. নীতি বাস্তবায়নের তারিখ ঃ

## ১.২ তথ্য অবমুক্তকরণ নীতিমালার যৌক্তিকতা/উদ্দেশ্য ঃ-

তুলা উন্নয়ন বোর্ডের কাজ হলো তুলা গবেষণা ও তুলা চাষ সম্প্রসারণ করে তুলা উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশের বস্ত্র শিল্পের উন্নয়ন ও বস্ত্রের চাহিদা পুরণ করা। সে উদ্দেশ্যে তুলা উন্নয়ন বোর্ড কাজ করে যাচ্ছে। আর এজন্য তথ্যের অবাধ প্রবাহ বিশেষ ভূমিকা পালন করে। এ উদ্দেশ্য পুরণ কল্পে তুলা উন্নয়ন বোর্ড প্রতিটি ক্ষেত্রে জানানোর তথ্য অধিকারকে নিশ্চিত করার নীতিতে বিশ্বাসী। তথ্য অবমুক্তকরণ নীতিটি তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে প্রণয়ন করা হয়েছে।

## ১.৩ তুলা উন্নয়ন বোর্ডের পটভূমি

সৃষ্টির প্রথম থেকেই মানুষ তিনটি মৌলিক চাহিদা অন্ন, বস্ত্র ও বাসস্থান মেটানোর জন্য সংগ্রাম করে আসছে। সভ্যতার দিক থেকে বিবেচনায় বস্ত্রই হচ্ছে প্রথম মৌলিক চাহিদা। আমাদের বস্ত্র শিল্পের প্রাচীন ঐতিহ্য রয়েছে। এদেশে তৈরি রাজকীয় শাড়ী "মসলিন" বিশ্ব বিখ্যাত ছিল। বস্ত্র বাংলাদেশের প্রধান শিল্প পণ্য। অর্থনৈতিক মূল্য সংযোজনের ক্ষেত্রে বস্ত্র শিল্পের অবদান শিল্পখাতের প্রায় ৪০ শতাংশ এবং জাতীয় আয়ের প্রায় ১৩ শতাংশ। দেশে ৩৮৩টি সুতাকলের জন্য বার্ষিক প্রায় ৪২ লক্ষ বেল আঁশতুলার চাহিদা রয়েছে। এ পরিমান তুলা আমদানী করতে বার্ষিক প্রায় ১২ হাজার কোটি টাকা ব্যয় হয়। এই চাহিদা পূরণে সহায়তার জন্য তুলা উন্নয়ন বোর্ড কাজ করে চলেছে।

দেশে তুলা চাষ সম্প্রসারণের লক্ষ্যে ১৯৭২ সালে তুলা উন্নয়ন বোর্ড গঠন করা হয়। ১৯৭৪-৭৫ সালে তুলা উন্নয়ন বোর্ড মাঠ পর্যায়ে পরীক্ষামূলক তুলার চাষ শুরু করে। এ দেশের জলবায়ু ও মাটি তুলা চাষের উপযোগী প্রমাণিত হওয়ায় পরবর্তীতে সারাদেশে তুলাচাষ সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়। তখন থেকে দেশে তুলা চাষ সম্প্রসারণ উৎপাদন ক্রমান্বয়ে বৃদ্ধি পেতে থাকে। তুলা উন্নয়ন বোর্ড তুলা গবেষণা, সম্প্রসারণ, বীজ উৎপাদন ও বিতরণ এবং বাজারজাতকরণসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে।

দেশে দু'ধরণের তুলা চাষ হয়। সমতল এলাকায় সমভূমির তুলা বা আপল্যান্ড কটন এবং পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তিনটি জেলাতে পাহাড়ি বা কুমিল্লা তুলাচাষ হয়। এছাড়াও পাহাড়ি এলাকার নদী অববাহিকায় ও দুই পাহাড়ের মধ্যভূমিতে সমভূমির তুলা চাষ হচ্ছে। তুলা উন্নয়ন বোর্ডের লক্ষ্য হলো স্বল্প মেয়াদী অধিক উৎপাদনক্ষম তুলার জাত উদ্ভাবন করা, যাতে কৃষকগণ কম সময়ে কম বিনিয়োগে অধিক তুলা উৎপাদন করে অধিক আয় করতে পারে। তুলা চাষের প্রাথমিক খরচ মেটানোর জন্য এবং তুলা ফসলকে লাভজনক করার জন্য তুলার সাথে সাথী ফসল এবং রিলে ফসল চাষে চাষীদের উৎসাহিত করা হচ্ছে। দেশের দক্ষিনাঞ্চলে কম থেকে মাঝারী লবনাক্ত এলাকা, খরা প্রবণ বরেন্দ্র এলাকা এবং উচুঁ চরাঞ্চল এলাকায় তুলা চাষ সম্প্রসারিত হচ্ছে। দেশের বিভিন্ন অঞ্চলে হাইব্রিড জাতের তুলাচাষ শুরু হয়েছে। তাছাড়া অচিরেই বাংলাদেশে বিটি কটন প্রবর্তন হতে যাচ্ছে।

## ১.৪ তুলা উন্নয়ন বোর্ডের কার্যাবলী ঃ

১। *তুলা গবেষণাঃ* তুলা উন্নয়ন বোর্ডের ৫টি গবেষণা কেন্দ্রে ৫টি ডিসিপিনে তুলার উন্নত জাত উদ্ভাবন, মৃত্তিকা, কৃষিতাত্ত্বিক, পোকা-মাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা সংক্রান্ত গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রতি বছর গড়ে ৫০টি গবেষণা এবং ২২টি করে অন-ফার্ম ট্রায়াল পরিচালনা করা হয়। তাছাড়া তুলা উৎপাদনকারী বিভিন্ন দেশ থেকে হাইব্রিড জাত ও উন্নত জাত সংগ্রহ করে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।

২। *বীজ উৎপাদন ও বিতরণঃ* প্রতি মৌসুমে তুলা উন্নয়ন বোর্ডের খামারসমূহে মৌল বীজ ও ভিত্তি বীজ উৎপাদন করা হয়ে থাকে। এসব বীজ দ্বারা বিভিন্ন জোনে প্রত্যায়িতমানের তুলা বীজ উৎপাদন করা হয়ে থাকে। উৎপাদিত বীজ চাষিদের মাঝে বিতরণ করা হয়।

৩। *তুলা চাষ সম্প্রসারণঃ* দেশে ৩৬টি জেলায় ৪টি আঞ্চলিক কার্যালয়, ১৩টি জোনাল কার্যালয় এবং ১৮১ট ইউনিট/সাব ইউনিট কার্যালয়ের মাধ্যমে সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

৪। *প্রশিক্ষন প্রদানঃ* তুলাচাষের প্রযুক্তি হস্তান্তর, দক্ষতা বৃদ্ধি ও তুলাচাষে উদ্বুদ্ধ করার জন্য সাধারণ তুলাচাষি ও চুক্তিবদ্ধ তুলাচাষি ও মাঠকর্মী ও কর্মকর্তাদের তুলা উন্নয়ন বোর্ডের খামারে এবং ইউনিট পর্যায়ে প্রশিক্ষণ, চাষি সমাবেশ, মাঠদিবস ও কর্মশালা প্রভৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

৫। *মার্কেটিং ও জিনিংঃ* চাষিদের উৎপাদিত বীজতুলা বাজারজাতকরণে সহায়তা এবং প্রত্যায়িতমানের বীজ উৎপাদনের লক্ষ্যে তুলা উন্নয়ন বোর্ড চাষিদের নিকট হতে বীজতুলা ক্রয় করে থাকে। ক্রয়কৃত বীজতুলা তুলা উন্নয়ন বোর্ডের নিজস্ব জিনিং কেন্দ্রে জিনিং ও বীজ প্রক্রিয়াজাত করা হয়। উৎপাদিত বীজ পরবর্তী মৌসুমে চাষিদের মাঝে বিতরণ করা হয়।

৬। *ঋণ সহায়তা ঃ* তুলা উন্নয়ন বোর্ড তুলাচাষীদের স্বল্প পরিসরে ঋণ প্রাপ্তিতে সহায়তা করা হয়।

## ১.৫ সংজ্ঞা

### (ক) তথ্যঃ

তথ্য অর্থ তুলা উন্নয়ন বোর্ড এর গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে;

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না;

### (খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ

তথ্য অধিকার আইনের বিধান অনুযায়ী তথ্য সরবরাহের নিমিত্তে তুলা উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয় ও প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে একজন করে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হবে এবং নিয়োগ প্রাপ্ত প্রত্যেক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর, ই-মেইল ঠিকানা তথ্য কমিশনকে লিখিত ভাবে অবহিত করা হবে।

(গ) তথ্য প্রদান ইউনিট ঃ

তথ্য প্রদানকারী কর্মকর্তার সমন্বয়ে প্রধান কার্যালয়সহ খামার সমূহে, আঞ্চলিক ও জোন অফিসে একটি করে তথ্য প্রদানকারী ইউনিট থাকবে। যা প্রয়োজন অনুযায়ী সময় সময় হালনাগাদ করা হবে।

(ঘ) আপীল কর্তৃপক্ষ ঃ

প্রধান কার্যালয়ের ক্ষেত্রে সচিব, কৃষি মন্ত্রণালয়, আঞ্চলিক কার্যালয় সমুহের ও খামারের ক্ষেত্রে তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক এবং প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে ক্ষেত্রে সংশ্লিষ্ট উপপরিচালক আপীল কর্তৃপক্ষ হবেন।

(ঙ) তৃতীয় পক্ষ ঃ

তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ কারী বা তথ্য প্রদানকারী ব্যতীত অনুরোধকৃত তথ্যের সাথে জড়িত অন্য কোন পক্ষ বা প্রতিষ্ঠানকে বুঝাবে। এ ক্ষেত্রে কোন গোপনীয় তথ্য প্রদান করতে হলে অবশ্যই তৃতীয় পক্ষ হতে পূর্বানুমতি নিতে হবে।

(চ) তথ্য কমিশনঃ

তথ্য অধিকার আইনের অধীনে প্রতিষ্ঠিত কমিশন;

(ছ) প্রকল্প ঃ

সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী প্রতিষ্ঠান, আন্তজাতিক সংস্থা বা অন্য কোন সংস্থা হতে আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত তুলা উন্নয়ন বোর্ডের প্রকল্প সমুহকে বুঝাবে।

# দ্বিতীয় অধ্যায়: নীতিমালা

## ২.১ তথ্যের শ্রেণিবিন্যাস এবং তথ্য প্রদান পদ্ধতি ঃ

স্ব-প্রনোদিত তথ্য প্রকাশ এবং তালিকা এই শ্রেণীর আওতাভূক্ত তথ্যগুলো নিম্নে উল্লেখ করা হলো।

তুলা উন্নয়ন বোর্ড এ যেসব তথ্য রয়েছে তা তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-

ক) স্বপ্রণোদিত তথ্য - তথ্যগুলো তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব-প্রানোদিত ভাবে তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে (www.cdb.gov.bd) প্রকাশিত থাকবে। যদি চাহিদা অনুযায়ী কোন তথ্য তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে পাওয়া না যায় তাহলে, তথ্য চাহিদাকারী/চাহিদাকারীগণ তুলা উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয় (তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা) তথ্য কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিত ভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে বা ই-মেইলে আবেদন করতে পারবেন। উল্লেখ্য, ওয়েব সাইটে প্রকাশিত তথ্যও আবেদনের ভিত্তিতে প্রদানযোগ্য হবে।

স্ব-প্রনোদিত তথ্যঃ

১. তুলা উন্নয়ন বোর্ডের সাংগঠনিক কাঠামোর বিবরণ।
২. তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর, আঞ্চলিক কার্যালয়, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয় এবং খামার সমুহের সকল কার্যক্রম।
৩. সকল প্রকাশিত প্রতিবেদন।
৪. কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য।
৫. তুলা উন্নয়ন বোর্ডের নিয়োগ বিধি, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়েল।
৬. নির্বাহী পরিচালক, অন্যান্য অফিস প্রধানদের নাম ও যোগাযোগের ঠিকানা।
৭. দায়িত্বরত কর্মকর্তাগণের নাম, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ঠিকানা।
৮. সকল প্রকার প্রকল্পের আর্থিক ও কারীগরি প্রতিবেদন সমুহ।
৯. তুলা উন্নয়ন বোর্ডের সকল প্রকার বিজ্ঞপ্তি / টেন্ডার বিজ্ঞপ্তি।
১০. প্রকল্প সংক্রান্ত তথ্যাদি।
১১. নাগরিক সনদ।

খ) তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদান যোগ্য তথ্য ;

গ) তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় ;

## (ঘ) তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয় এবং এর তালিকা ঃ

কতিপয় তথ্য যা কোন নাগরিক কে তুলা উন্নয়ন বোর্ড প্রদানে বাধ্য নয়। এমন সব তথ্য নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

নিম্নলিখিত তথ্য গুলো তুলা উন্নয়ন বোর্ড প্রকাশে বাধ্য নয়। যেমনঃ

ক.তুলা উন্নয়ন বোর্ড তথা দেশের ক্ষতি সাধিত হয় এমন সব তথ্য।

খ. আদালতে বিচারাধীন কোন তথ্য, যা প্রকাশে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে, অথবা যা প্রকাশে আদালত অবমাননার শামিল এ-রূপ তথ্য।

গ. তদন্তাধীন কোন বিষয় যা প্রকাশ করলে তদন্তের বিঘ্ন ঘটাতে পারে এরূপ বিষয়।

ঘ. কৌশলগত বা বানিজ্যিক কারনে গোপন রাখা বাঞ্ছনীয় এইরুপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণার কোন তথ্য।

ঙ. কোন ক্রয় কার্যক্রম বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম গ্রহনের কোন তথ্য।

চ. পরীক্ষার প্রশ্নপত্র বা নম্বরপত্র সংক্রান্ত আগাম কোন তথ্য।

ছ. এ ছাড়াও তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ ধারার সাথে সামঞ্জস্যপূর্ণ এমন তথ্য।

## ২.২ তথ্যের ভাষা

(ক) তথ্য অধিকার আইন ২০০৯ এর ৩ নং ধারায় যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো যেভাবে প্রকাশ, ছাপা এবং সংরক্ষণ করা হয়েছে সে ভাবেই দেয়া হবে;

(খ) তুলা উন্নয়ন বোর্ড এর তথ্য সাধারনত বাংলা ভাষায় পাওয়া যাবে। তবে এটি নির্ভর করবে অফিসিয়াল বা কার্যক্ষেত্রে যে ভাষায় তথ্যটিকে তৈরী হয়েছে তার উপর;

(গ) তুলা উন্নয়ন বোর্ড তথ্যটিকে এক ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নেবে না;

## ২.৩ তথ্য সংগ্রহ ও সংরক্ষন পদ্ধতি ঃ

নিম্নলিখিত উপায় তথ্য সংগ্রহ ও সংরক্ষণ হবে;

অফিসিয়াল ওয়েবসাইট (www.cdb.gov.bd) এর মাধ্যমে প্রতিনিয়ত তথ্য হালনাগাদ করণ এর মাধ্যমে। অন্যান্য পদ্ধতি যেমন ঃ- স্মারক, বই, প্রতিবেদন, অডিও, ভিডিও, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট ভিডিও কনফরেন্সিং, কম্পোষ্ট ডিস্ক (CD) ইত্যাদির মাধ্যমে।

## ২.৪ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়োগঃ

তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়ন এবং তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সরবরাহের জন্য তুলা উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়, উপ-পরিচালক, বিভিন্ন খামার ও প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাদের অফিসের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার, বিকল্প দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্মকর্তার নাম পদবী ও ঠিকানা নিম্নরূপঃ

| ক্রঃনং | অফিসের নাম | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম পদবী ও অফিসের ঠিকানা | বিকল্প দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা | আপীল কর্মকর্তার নাম, পদবী ও ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা | ড. মোঃ তাসদিকুর রহমান<br>উপ-পরিচালক, সদর দপ্তর<br>তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি<br>ফার্মগেট, ঢাকা-১২১৫।<br>ফোন নং- ৯১০৩৮০১<br>ফোনঃ ০১৭১২৮৩৭৭২০<br>Email: mdtasdiqur@yahoo.com | ড. মোঃ গাজী গোলাম মর্তুজা<br>মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ,<br>তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি<br>ফার্মগেট, ঢাকা-১২১৫।<br>ফোন নং- ৯১০৩৮০১<br>ফোনঃ ০১৯২১৩৮৩২৯১<br>Email: mortuzacdb@gmail.com | সচিব, কৃষি মন্ত্রনালয়<br>বাংলাদেশ সচিবালয়<br>ঢাকা<br>ফোনঃ ০২-৯৫৪০১০০<br>Email:secretary@moa.gov.bd |
| ২ | তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, ঢাকা | ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব<br>উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, ঢাকা<br>ফোনঃ ০১৭১১-২২৭০৫৮<br>Email: tabibfai@gmail.com | মোঃ নুরুল ইসলাম<br>কটন ইউনিট অফিসার,<br>আঞ্চলিক অফিস, ঢাকা<br>ফোনঃ ০১৭৩৮-০৮১১৮৬ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |
| ৩ | তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, যশোর | জাফর আলী<br>উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, যশোর<br>ফোনঃ ০১৭১৪-৩০৩৮৮৭<br>Email: zalibd03@yahoo.com | মোঃ কামরুল হাসান<br>বীজ উৎপাদন বিশেষজ্ঞ<br>তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, যশোর<br>ফোনঃ ০১৭২৭-৩৭৪১৩০ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, রংপুর | মোঃ ফজলে রাব্বী<br>কীট পতঙ্গ বিশেষজ্ঞ<br>তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, রংপুর<br>ফোনঃ ০১৭৩২-০৬২৯৯৫ | রণজিত কুমার ভৌমিক<br>বীজ উৎপাদন বিশেষজ্ঞ<br>তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, রংপুর<br>ফোনঃ ০১৭১২৯৪৭৮৪৫ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |
| ৫ | তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম | মোঃ আবু ইলিয়াস মিঞা<br>উপ পরিচালক,<br>তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম<br>ফোন নং- ০৩১২৫২৬৩১১<br>ফোনঃ০১৭১২৫২৩৪৯৫<br>Email: abuelis.miah@gmail.com | মোঃ আজহারুল ইসলাম<br>তুলা উন্নয়ন কর্মকর্তা,<br>তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম<br>ফোনঃ০১৭১৮০৪৮৮৬২ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |
| ৬ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঢাকা | মোঃ আব্দুর রাজ্জাক মন্ডল<br>তুলা উন্নয়ন কর্মকর্তা(চঃদাঃ)<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঢাকা<br>ফোনঃ০১৯১১৫০৪৪৮০ | কাজী ইকবাল মাহমুদ<br>কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঢাকা<br>ফোনঃ০১৭৮৭৫৪৪৩৯৯ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, ঢাকা<br>ফোনঃ ০১৭১১-২২৭০৫৮<br>Email: tabibfai@gmail.com |
| ৭ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ময়মনসিংহ | খালেদা ইয়াসমিন<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ময়মনসিংহ<br>ফোনঃ ০২৬২০৪৫<br>ফোনঃ০১৭২৮-২০৪৫৭৪<br>Email: kealeda78cdb@yahoo.com | মোঃ আজমল হক<br>সহকারী বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা(অঃদাঃ)<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ময়মনসিংহ<br>ফোনঃ ০১৭১৮৭৩৮৩৮৬ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, ঢাকা<br>ফোনঃ ০১৭১১-২২৭০৫৮<br>Email: tabibfai@gmail.com |
| ৮ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, যশোর | ড. মোঃ আবদুস সালাম<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, যশোর<br>ফোনঃ০১৭১৬-১৩৫০৩১ | মোঃ জাফিরুল হক<br>কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, যশোর<br>ফোনঃ০১৭১৮-৬৫৬৫১২ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, যশোর<br>ফোনঃ ০১৭১১-২২৭০৫৮<br>Email: tabibfai@gmail.com |
| ৯ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঝিনাইদহ | মোঃ কুতুব উদ্দিন<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঝিনাইদহ<br>ফোনঃ০১৭১২-৬৫১৯১১<br>Email: kutubuddin1968@gmail.com | স্বপন কুমার রায়<br>সহকারী কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঝিনাইদহ<br>ফোনঃ০১৭১৪-৬৮৫৯৪৪ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, যশোর<br>ফোনঃ ০১৭১৪৩০৩৮৮৭<br>Email: zalibd03@yahoo.com |
| ১০ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, চুয়াডাঙ্গা | মোঃ সালাহউদ্দিন<br>তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, চুয়াডাঙ্গা<br>ফোনঃ ০১৬৭৪৪০৬২৫৭<br>Email: salahuddin.at@gmail.com | মোঃ সিরাজুল ইসলাম<br>কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, চুয়াডাঙ্গা<br>ফোনঃ০১৭১৬-২১৪২৩৯ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, যশোর<br>ফোনঃ ০১৭১৪৩০৩৮৮৭<br>Email: zalibd03@yahoo.com |
| ১১ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, কুষ্টিয়া | সেন দেবাশীষ<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, কুষ্টিয়া<br>ফোনঃ ০১৭১২-২৫০০৭৬<br>Email:debasiscdb@gmail.com | মোঃ জাহিদ হোসেন<br>স্টোর কাম ফিল্ডম্যান<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, কুষ্টিয়া<br>ফোনঃ ০১৭১৬-২৪৭৫২০ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, যশোর<br>ফোনঃ ০১৭১৪৩০৩৮৮৭<br>Email: zalibd03@yahoo.com |
| ১২ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রাজশাহী | মোঃ জাহাঙ্গীর আলম<br>তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রাজশাহী<br>ফোনঃ ০১৭১৬-৫৫৭৫৪৫<br>Email: jahangircdb@yahoo.com | মোঃ নজরুল ইসলাম<br>কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রাজশাহী<br>ফোনঃ ০১৭১৬-৮২২৭০০ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, রংপুর<br>ফোনঃ ০১৭১৪৩০৩৮৮৭<br>Email: zalibd03@yahoo.com |
| ১৩ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, বগুড়া | মোঃ মোজাদ্দেদ আল শামীম<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, বগুড়া<br>ফোনঃ ০১৭১৯-৬১২৫২৮ | মোঃ মিজানুর রহমান<br>তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, বগুড়া<br>ফোনঃ ০১৭২৪৩৬৪১১১ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, রংপুর<br>ফোনঃ ০১৭২০৬৭৪৯৫৯<br>Email: kbd.nasir@yahoo.com |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রংপুর | মোঃ জিল্লুর রহমান<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রংপুর<br>ফোনঃ ০৫২১৬২২০১<br>ফোনঃ ০১৭১১-৯৪৮৭৩৪<br>Email: rzillur95@yahoo.com | আফরোজা বেগম<br>কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রংপুর<br>ফোনঃ ০১৭২০-৯২৯২৩৩ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, রংপুর<br>ফোনঃ ০১৭২০৬৭৪৯৫৯<br>Email: kbd.nasir@yahoo.com |
| ১৫ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঠাকুরগাঁও | শেখ আল মামুন<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঠাকুরগাঁও<br>ফোনঃ ০১৭১৬-৯৬১৮৮৩<br>Email: kbdmamuncdb@gmail.com | মোসাঃ সেলিনা আক্তার<br>তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, ঠাকুরগাঁও<br>ফোনঃ ০১৭২৩২২৬২৫৩ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, রংপুর<br>ফোনঃ ০১৭২০৬৭৪৯৫৯<br>Email: kbd.nasir@yahoo.com |
| ১৬ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, বান্দরবান | মোঃ আব্দুল ওয়াহাব<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা(অঃদাঃ)<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, বান্দরবান<br>ফোনঃ ০১৭১২৯২৪৫৭০ | মোঃ শফিকুল ইসলাম<br>কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, বান্দরবান<br>ফোনঃ ০১৫৫৬-৫৯৪০৫৫ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম<br>ফোনঃ ০১৭১২-৫২৩৪৯৫<br>Email: abuelias.miah@gmail.com |
| ১৭ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রাঙ্গামাটি | পরেশ চন্দ্র চাকমা<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রাঙ্গামাটি<br>ফোনঃ ০১৭৩১-৮২৬৮৪৯ | মোঃ আবদুর রউফ<br>কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, রাঙ্গামাটি<br>ফোনঃ ০১৭৩১-৮৮৬৬৫০ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম<br>ফানঃ ০১৭১২-৫২৩৪৯৫<br>Email: abuelias.miah@gmail.com |
| ১৮ | তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, খাগড়াছড়ি | মোঃ মোজাফ্ফর হোসেন<br>প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, খাগড়াছড়ি<br>ফোনঃ ০১৭১৮-৫০২৫৮৪ | মোঃ সাখাওয়াত হোসেন<br>সহকারী কটন ইউনিট অফিসার<br>তুলা উন্নয়ন বোর্ড, জোনাল অফিস, খাগড়াছড়ি<br>ফোনঃ ০১৫৫৬-৫৭৫০১৫ | উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম<br>ফানঃ ০১৭১২-৫২৩৪৯৫<br>Email: abuelias.miah@gmail.com |
| ১৯ | তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর | মোঃ শামসুল বারী<br>কটন এগ্রোনোমিষ্ট<br>তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর<br>ফোনঃ ০১৫৫৬৪৭৩৩৭০<br>Email: bjewel9368@yahoo.com | খালেকুজ্জামান<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর<br>ফোনঃ ০১৭১২-১৪৬৪৪৭ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |
| ২০ | তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, জগদীশপুর, যশোর | কামরুল হাসান<br>কটন এগ্রোনোমিষ্ট<br>তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, জগদীশপুর, যশোর<br>ফোনঃ ০১৭২৭৩৭৪১৩০<br>Email: khassancdb@yahoo.com | এমএম আবেদ আলী<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, জগদীশপুর, যশোর<br>ফোনঃ ০১৭১৫-৮৪২৫০০ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |
| ২১ | তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, সদরপুর, দিনাজপুর | এইচ এম সাইফুল্লাহ আজাদ<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, সদরপুর, দিনাজপুর<br>ফোনঃ ০১৭১১-১৮৬৮৩৩ | মোঃ আমিনুল ইসলাম<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, সদরপুর, দিনাজপুর<br>ফোনঃ ০১৭১২৯৫২৫৯৫০ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |
| ২২ | তুলা গবেষণা কেন্দ্র, মাহীগঞ্জ, মর্ডার্ন মোর, রংপুর | মোঃ রেজাউল আমিন<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা কেন্দ্র, মাহীগঞ্জ, মর্ডার্ন মোর, রংপুর<br>ফোনঃ ০১৭১৮-৩৪০৯৮০ | আবদুল্লাহ আল মামুন<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা কেন্দ্র, মাহীগঞ্জ, মর্ডার্ন মোর, রংপুর<br>ফোনঃ ০১৭২৬-০৬০০০২ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |
| ২৩ | তুলা গবেষণা কেন্দ্র, বালাঘাটা, বান্দরবান | মোঃ নূর হোসাইন চৌধুরী<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা কেন্দ্র, বালাঘাটা, বান্দরবান<br>ফোনঃ ০১৫৫৩-২৯৭৬২৮ | মংসানু মারমা<br>বৈজ্ঞানিক কর্মকর্তা<br>তুলা গবেষণা কেন্দ্র, বালাঘাটা, বান্দরবান<br>ফোনঃ ০১৫৫৮-৮৫৮৭০১ | নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, খামারবাড়ী, ঢাকা<br>ফোনঃ ০২-৮১১৭৭২৮<br>Email:ed@cdb.gov.bd |

২.৫ দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি ঃ

নিয়োগকৃত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মকর্তাগণ যে সমস্ত তথ্য দেয়ার জন্য তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয় এমন তথ্য ব্যতিত অন্য সব তথ্য চাহিদাকারীকে প্রদান করতে পারবেন। তিনি তথ্যের আবেদনপত্র বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন তৈরী করবেন।

২.৬ তথ্য প্রদানের সাথে সংশ্লিষ্ট সহায়ক/বিকল্প কর্মকর্তা দায়িত্ব ও কর্মপরিধি ঃ

নিয়োগকৃত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যে সমস্ত তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয় এমন তথ্য ব্যতিত সকল তথ্য চাহিদা কারীকে সরবরাহ করতে পারবেন।

২.৭ তথ্য প্রদানের পদ্ধতি ঃ

কোন ব্যাক্তি তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিত ভাবে বা ইলেকট্রনিক্স এর মাধ্যমে বা ই-মেইলে অনুরোধ জানালে, উক্ত কর্মকর্তা তথ্য অধিকার আইন অনুযায়ী ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধ কৃত তথ্য সরবরাহ করবেন। এ-ছাড়া দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে অনুরোধকারীকে অবহিত করবেন। শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে তার উপযুক্ত করে তথ্য প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এ বিষয় দক্ষ ও পারদর্শী তুলা উন্নয়ন বোর্ডের অন্য কোন কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

২.৮ তথ্য প্রদানের সময় সীমা ঃ

কোন ব্যক্তি তথ্য অদ্বিকার আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য প্রদানের অনুরোধ জানালে, দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবারাহ করবেন। তবে, অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত অনুরোধ কৃত তথ্য সরবরাহ করবেন। এ ছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপাগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তিনি উহা অনুরোধকারীকে অবহিত করবেন।

২.৯ তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধের নিয়মাবলি ঃ

ক) কোন অনুরোধ কৃত তথ্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য অনুরোধ থাকলে তিনি উক্ত তথ্যের যুক্তি সংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে পরিশোধ করার জন্য অনুরোধকারীকে অবহিত করবেন।

খ) ছাপানো তথ্যের জন্য যে খানে মূল্য নির্ধারণ রয়েছে সেই প্রতিবেদন বা কপির জন্য উক্ত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধি মালা - ২০০৯ এর তফসিল ফরম (সংযুক্ত) অনুযায়ী নির্ধারিত হবে।

## ২.১০ আপীল কর্তপক্ষ এবং আপীল পদ্ধতি ঃ

কোন ব্যাক্তি নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে উক্ত সময় সীমা অতিক্রান্ত হওয়ায়, বা ক্ষেত্রমতে সিদ্ধান্ত লাভ করার পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আপীলের কারণ উল্লেখ পূর্বক তথ্য অধিকার বিধিমালার ফরম "গ" (সংযুক্ত) অনুযায়ী আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারেন।

তুলা উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বিধিমতে শুনানী করে আপীল নিস্পত্তি করবেন। তথ্য প্রাপ্তির আপীল সমুহ তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ২৪ এবং ২৮অনুযায়ী বিবেচনা করবেন। আপীল কর্তৃপক্ষের রায়ই চুড়ান্ড় রায় হিসেবে গণ্য হবে। এব্যাপারে সংক্ষুব্ধ হলে তথ্য চাহিদা কারী তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবেন।

## ২.১১ শাস্তি

যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপারগতা প্রকাশ একটি অসদাচারণ বলে বিবেচিত হবে এবং সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর বিধি অনুযায়ী উক্ত তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

## ২.১২ ফরমসমূহের তালিকা

(অ) ফরম'ক' - তথ্য প্রাপ্তির আবেদনপত্র;

(আ) ফরম 'খ' - তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;

(ই) ফরম 'গ' - আপীল আবেদনপত্র;

(ঈ) ফরম 'ঘ' - তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

## ফরম -"ক"
## তথ্য প্রাপ্তির আবেদন পত্র
[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি-৩ দ্রষ্টব্য]

বরাবর
............................
............................ (নাম ও পদবী)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
............................(দপ্তরের নাম ও ঠিকানা)

১। আবেদনকারীর নাম ঃ..............................................
পিতার নাম ঃ..............................................
মাতার নাম ঃ..............................................
বর্তমান ঠিকানা ঃ..............................................
স্থায়ী ঠিকানা ঃ..............................................
ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন, ও
মোবাইল ফোন নম্বর (যদি থাকে) ঃ..............................................

২। কি ধরণের তথ্য
(প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) ঃ..............................................

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী
(ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/
সিডি/ অথবা অন্য কোন পদ্ধতি) ঃ..............................................

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা ঃ..............................................
৫। প্রয়োজ্য ক্ষেত্রে সহায়কারীর নাম ও ঠিকানা ঃ..............................................

আবেদনের তারিখঃ ........................ আবেদনকারীর স্বাক্ষর

*তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

ফরম - "খ"

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি-৫ দ্রষ্টব্য]

## তথ্য সরবারাহে অপারগতার নোটিশ

আবেদন পত্রের সূত্র নম্বর ঃ                                   তারিখ ঃ

প্রতি

আবেদনকারীর নাম ঃ..........................................

ঠিকানা ঃ..........................................

বিষয় ঃ- তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার .................তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারনে সরবরাহ করা সম্ভব হলো না, যথা-

১।..........................................................

২।..........................................................

৩।..........................................................

(.........................)

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম

পদবী...................

দাপ্তরিক সীল।

ফরম - "গ"

আপীল আবেদন

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি-৬ দ্রষ্টব্য]

বরাবর
. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . (নাম ও পদবী)
ও
আপীল কর্তৃপক্ষ,
. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .(দপ্তরের নাম ও ঠিকানা)

১। আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যম সহ) ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

২। আপীলের তারিখ ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে উহার কপি (যদি থাকে) ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারন (সংক্ষিপ্ত বিবরণ) ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন ঃ. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেনঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

আবেদনের তারিখঃ --------------------------    আবেদনকারীর স্বাক্ষরঃ

## ফরম - "ঘ"

### তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লেখিত তথ্যের জন্য উহার বিপরীত কলাম (৩) এ উল্লেখিত হারে ক্ষেত্রমতে তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হবে, যথা ঃ-

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (মাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্ট সহ) | এ-৪ এবং এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদূর্দ্ধ মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদি তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদন কারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে।<br>(২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহ করা হলে এবং এর প্রকৃত মূল্য। |
| ৩। | কোন আইন বা সরকারী বিধান বা নিদের্শনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্য বিনিময় বিক্রয় যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্যে |

২৭/০৩/১৪
(মোঃ ফরিদ উদ্দিন)
নির্বাহী পরিচালক
উন্নয়ন বোর্ড
ফার্মগেট, ঢাকা।